

🔳 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

২। মানুষের নিকট আল্লাহর দ্বীন পৌঁছানো এবং তাদের জন্য কল্যাণ কামনা করা ও তাদেরকে নছীহত করা (إبلاغ دين الله إلى الناس، والنصبح لهم)

আল্লাহ তা'আলা আরও বলেন:

[39] ... [الأحزاب: 39] ... ﴿ اللَّهِ وَيَخْشَوْنَهُ وَلَا يَخْشَوْنَ أَحَدًا إِلَّا اللَّهَ وَكَفَى بِاللَّهِ حَسِيبًا (39) ﴾ ... [الأحزاب: 39] 'याता আल्लाহत वांगी পौँছित्र দেয় ও তাঁকে ভয় করে এবং আল্লাহ ছাড়া কাউকে ভয় করে না। আর হিসাব গ্রহণকারীরূপে আল্লাহই যথেষ্ট' (সূরা আল-আহ্যাব: ৩৯)।

আল্লাহ তা'আলা আরও বলেন:

﴿ يَاأَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ وَإِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ وَاللَّهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ إِنَّ اللَّهَ لَا يَهْدي الْقَوْمَ الْكَافِرِينَ (67) ﴾ [المائدة: 67]

'হে রাসূল! তোমার রবের পক্ষ হতে তোমার নিকট যা নাযিল করা হয়েছে, তা পৌঁছে দাও এবং যদি তুমি না কর, তবে তুমি তাঁর রিসালাত পৌঁছালে না। আর আল্লাহ তোমাকে মানুষ থেকে রক্ষা করবেন। নিশ্চয় আল্লাহ কাফের সম্প্রদায়কে হেদায়াত করেন না' (সূরা আল-মায়েদা: ৬৭)। আল্লাহ তা'আলা আরও বলেন:

﴿ هَذَا بَلَاغٌ لِلنَّاسِ وَلِيُنْذَرُوا بِهِ وَلِيَعْلَمُوا أَنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ وَلِيَذَّكَّرَ أُولُو الْأَلْبَابِ ﴾ [إبراهيم: 52]

'ইহা মানুষের জন্য পয়গাম। আর যা দ্বারা তাদেরকে সতর্ক করা হয় এবং তারা জানতে পারে যে, তিনি কেবল এক ইলাহ, আর যাতে বুদ্ধিমানরা উপদেশ গ্রহণ করে' (সূরা ইব্রাহীম: ৫২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9343

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন